যুগান্তর

তারিখ ... SEP 03 2006

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজ হচ্ছে না

ইউসুফ আলী

দেশের ১৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৯৪ কোটি টাকার উন্নয়ন প্রকল্প দু'বছরের বেশি সময় ধরে ঝুলে আছে। প্রকল্পটি অনুমোদন না পাওয়ায় বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়ন কাজ থমকে পড়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার গুণগত মান ও ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দু'বছর আগে 'আমব্রেলা' প্রকল্প গ্রহণ করে। তবে আমলাতান্ত্রিক জটিলতায় এ প্রকল্প আলোর মুখ দেখেনি। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. এম আসাদুজ্জামান এ সম্পর্কে যুগান্তরকে জানান, আগামী একনেক বৈঠকে এ প্রকল্পটি অনুমোদনের বিষয়ে আলোচনা হতে পারে। প্রকল্পের খসড়া চূড়ান্ত করে অনুমোদনের জন্য একনেকে পাঠানো হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে একাডেমিক বিভিন্ন কর্মকাণ্ড সম্পাদনে এ প্রকল্প গ্রহণ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। এসব কর্মকাণ্ডের মধ্যে রয়েছে— লাইব্রেরি ও ল্যাবরেটরি উন্নয়ন, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও কেমিক্যাল, বই-পুস্তক ও জার্নাল সংগ্রহ, [illegible] উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণ ইত্যাদি কর্মকাণ্ড অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন। একই সঙ্গে অপেক্ষাকৃত নতুন বিশ্ববিদ্যালয়গুলোর জন্য একাডেমিক উন্নয়ন কর্মকাণ্ডের সঙ্গে সঙ্গতিপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিতকরণ। দেশের সামাজিক চাহিদা ও বিশ্ববাজারের চাহিদার সঙ্গে সঙ্গতিপূর্ণ নতুন নতুন বিভাগ খোলা এবং বিদ্যমান কোর্স ও কারিকুলাম আধুনিকীকরণ, দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিতকরণ। পাশাপাশি শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে শক্তিশালীকরণ।

সূত্র মতে, এই উন্নয়ন প্রকল্পের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দ রয়েছে সর্বোচ্চ ২০ কোটি ৮১ লাখ ৫০ হাজার টাকা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জন্য ১৮ কোটি ৪৩ লাখ ৬০ হাজার টাকা। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জন্য ১৫ কোটি ২৯ লাখ ৮০ হাজার টাকা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জন্য ২১ কোটি ৩৯ লাখ ২৬ হাজার টাকা। ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার জন্য ১২ কোটি ৮১ লাখ ৩১ হাজার টাকা। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য ১৬ কোটি ৩ লাখ ৪৭ হাজার টাকা। বুয়েটের জন্য ১১ কোটি ৯৮ লাখ ৪৩ হাজার টাকা। সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের

উন্নয়ন : পৃষ্ঠা ৯ : কলাম ৩

## উন্নয়ন : কাজ

(শেষ পৃষ্ঠার পর)

জন্য ১৭ কোটি ৫৭ লাখ ৪০ হাজার টাকা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য ৬ কোটি ৮১ লাখ ৭১ হাজার টাকা। এভাবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য ১৭ কোটি ৪৫ লাখ ৯৪ হাজার, শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য ১৬ কোটি ৪৫ লাখ ৫৪ হাজার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নিজস্ব প্রকল্পের জন্য ১০ কোটি এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিটের জন্য ৫ কোটি ৯ লাখ ৮৩ হাজার টাকা। দুটি পর্যায়ে এ প্রকল্প বাস্তবায়ন করা হবে। প্রথম পর্যায়ে ১৯৪ কোটি ১৯ লাখ ৬৪ হাজার টাকা এবং দ্বিতীয় পর্যায়ে ১৩০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে বলে জানা গেছে।